গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বন্যা, জোয়ার ভাটা, বর্ষাকালে প্রবল স্রোত ও ঢেউয়ের আঘাতের ক্ষয়ক্ষতি হতে বরিশাল জেলার জনসাধারণের জানমাল রক্ষা এবং খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুন:উদ্ধার।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বরিশাল একটি নদীবহুল জনপদ। মেঘনা, তেঁতুলিয়া, কীর্তনখোলা, সন্ধ্যা, আড়িয়াল খাঁ, সুগন্ধ্যা সহ অসংখ্য নদী বরিশাল জেলার মধ্য দিয়ে প্রবাহিত হচ্ছে। এসকল নদীর অন্যতম বৈশিষ্ট হচ্ছে নদীতে বাঁক বেশি তথা Meandering River। এসকল নদীর একপাড়ে Concave Bend এর কারণে নদীভাঙ্গন দেখা দেয়। একইসাথে বিপরীত পাড়ে চর জেগে উঠে সেই ভাঙ্গনকে আরও তীব্রতর করে। প্রকৃতিগত ভাবে বাংলাদেশের নদ-নদীতে পলি জমার কারনে নদীর তলদেশ ভরাট হয়ে নদীর পানি ধারণ ক্ষমতা হ্রাস পায়। ফলে বর্ষা মৌসুমে উজান থেকে অতিরিক্ত পানি প্রবাহের কারনে নদীর তীর ভাঙ্গনসহ অবকাঠামোসমূহ ভাঙ্গনের হুমকীর সম্মুখীন হয়। জলবায়ু পরিবর্তন সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, পূর্ণিমা-অমাবস্যার সময়ে সৃষ্ট উচ্চ জোয়ারে বিগত কয়েক বছরের অব্যাহত নদী ভাঙ্গনের ফলে নদী তীরে অবস্থিত বহু সরকারী বেসরকারী স্থাপনার সেট ব্যাক দুরত্ব ক্রমশ কমে আসছে এবং বহু মূল্যবান ফসলী জমি নদীগর্ভে বিলীন হয়ে গেছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০ এর লক্ষ্য অভীষ্ট-৩ বাস্তবায়নে সমন্বিত ও টেকসই নদী অঞ্চল এবং মোহনা ব্যবস্থাপনা গড়ে তোলা। বন্যা নিয়ন্ত্রণ, নদী ভাঙ্গনরোধ, নদী ড্রেজিং, সেচ ব্যবস্থাপনা উন্নয়ন, জলাবদ্ধতা দূরীকরণ ও ভূমি পুন:উদ্ধার কাজ বাস্তবায়নের কার্যকরী উদ্দ্যোগ গ্রহনের মাধ্যমে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) SDG-6 (Water SDG) এবং জলবায়ু পরিবর্তনের কারণে SDG-13 অর্জনের মাধ্যমে ভারসাম্যহীন পরিবেশ মোকাবেলা করা। ১০ বৎসর মেয়াদী প্রেক্ষিত পরিকল্পনা ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশালের অধিক্ষেত্রে বন্যা ব্যবস্থাপনা, নদী ভাঙ্গনরোধ, সেচ ব্যবস্থার উন্নয়ন, অববাহিকাভিত্তিক নদী ব্যবস্থাপনার মাধ্যমে বন্যা ঝুঁকি হ্রাস এবং শস্য নিবিড়তা বৃদ্ধি কার্যক্রম গৃহীত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অগ্রাধিকার প্রাপ্ত ড্রেজিং কার্যক্রমের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর তৈরীকৃত ড্রেজিং এর ধারণাপত্র এর ভিত্তিতে অধিক্ষেত্রের নদ-নদীর নাব্যতা বৃদ্ধির জন্য ড্রেজিং/খনন করে সারা বছর নদীতে পানির প্রবাহ ধরে রাখার লক্ষ্যে ডিপিপি প্রনয়ন করা হবে। তাছাড়া বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০ এর লক্ষ্য অভীষ্ট-৪ জলাভূমি এবং বাস্তুতন্ত্র সংরক্ষণ এবং তাদের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করা;অভীষ্ট-৬ ভূমি ও পানি সম্পদের সর্বোত্তম সমন্বিত ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১। ২.৫০ কি:মি: নদী তীর সংরক্ষণ কাজ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ

এবং

তত্তাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল-এর মধ্যে ২০২৩ সালের ....জুন...... মাসের ...১৩........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদেরসুষম ও সমন্বিতপানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গনরোধ এবং লবণাক্ততা ও মরুকরণ প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম

৪. বন্যা নিয়ন্ত্রণ এবং পানি সম্পদ উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা প্রাপ্তি সম্পর্কিত কার্যাবলি

৫. খাল খনন ও রক্ষণাবেক্ষণ এবং খাল খনন কর্মসূচীর আওতায় খালের উপর পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং রক্ষণাবেক্ষণ

৬. ভূমি সংরক্ষণও পুনরুদ্ধার, পানি নিষ্কাশন এবং জলাবদ্ধতা দূরীকরণ বিষয়ক কার্যাবলি

৭. নদীসমূহের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, ভাঙ্গনরোধের লক্ষ্যে নদী ড্রেজিং

৮. পানি সংরক্ষণ জলাধার নির্মাণ, বাঁধ ও ব্যারেজ নির্মাণ বিষয়ক কার্যাবলি

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বন্যা ঝুঁকি হ্রাস | ১১০ লক্ষ হেক্টর বন্যামুক্ত ও পানি নিষ্কাশন এলাকার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) | শতাংশ | ৫৯.০৫ | ৫৯.৯০ | ৬০.২৫ | ৬০.৫৫ | ৬১.০৫ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন |
| সেচ এলাকা সম্প্রসারণ | ১৬.৩৫ লক্ষ হেক্টর সেচ এলাকা এবং শস্য নিভিড়তার কভারেজ (ক্রমপুঞ্জিভূত) | শতাংশ | ৬০.৮০ | ৬০.৯৭ | ৬১.২৮ | ৬১.৭৮ | ৬২.২৮ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] নদী ভাঙন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ | ৭০ | [১.১] নদী তীরে ভাঙন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | ক্রমপুঞ্জিভূত | কি: মি: | ৭০ | ২.৫ | ৪.১৮ | ১.০০ | ০.৮৮ | ০.৭৫ | ০.৬৩ | ০.৫ | ২.০০ | ২.৫০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ, তত্তাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্তাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল হিসাবে নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নির্বাহী প্রকৌশলী<br>বরিশাল পওর বিভাগ | ১৫।৬।২৩<br>তারিখ |
| তত্তাবধায়ক প্রকৌশলী<br>বরিশাল পওর সার্কেল | ১৫/০৬/২০২৩<br>তারিখ |

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ২ | ওয়ারপো | ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন |
| ৩ | জেআরসি | জয়েন্ট রিভার কমিশন |
| ৪ | নগই | নদী গবেষনা ইনস্টিটিউট |
| ৫ | বাপাউবো | বাংলাদেশ পানিউন্নয়ন বোর্ড |
| ৬ | বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৭ | সিডিএসপি | চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড/প্রকল্প সংশ্লিষ্ট জোন/প্রকল্প সংশ্লিষ্ট সার্কেল/প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী, পরিচালন বাজেটের আওতায় সম্পাদিত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রায় এক-তৃতীয়াংশ প্রকল্প সশস্ত্র বাহিনী বিভাগের আওতাধীন বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ নৌবাহিনী এবং ক্ষেত্র বিশেষে তাদের দ্বারা পরিচালিত বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে অর্পিত ক্রয়কাজ ও ডিপিএম দরপত্র প্রক্রিয়ায় বাস্তবায়িত হচ্ছে। পাসম তথা বাপাউবো'র এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে তাদের দায়বদ্ধতা রয়েছে। সে লক্ষ্যে পাসম ও বাপাউবো হতে তাদের সাথে নিয়মিত পত্র যোগাযোগ, বিবিধ উচ্চ পর্যায়ের সভা এবং কাজের সাইট যৌথ ভিজিটের মাধ্যমে কার্যক্রমের সমন্বয় করা হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | অর্থ-বছরের একটি নির্দিষ্ট সময় পর্যন্ত উন্নয়ন ও পরিচালন খাতে কাজের কার্যাদেশ প্রদান স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো'র অনুরোধের প্রেক্ষিতে পাসম হতে অর্থ বিভাগে পত্র যোগাযোগ করে পাসম তথা বাপাউবো'র জন্য এই স্থগিতাদেশ প্রত্যাহারের অনুরোধ জানানো হবে। |
| নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | নদী তীর সংরক্ষণ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | প্রাপ্ত বরাদ্দের একটি নির্দিষ্ট অংশের অর্থছাড় স্থগিত রাখা হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজের বাস্তবায়ন সম্ভব নয়। সে লক্ষ্যে বাপাউবো হতে পাসমের মাধ্যমে পত্র যোগাযোগ, সভা প্রভৃতি উপায়ে চাহিদা মাফিক বরাদ্দ প্রাপ্তি ও প্রাপ্ত বরাদ্দের সমুদয় অর্থছাড় কার্যক্রমের সমন্বয় করা হবে। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ